বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ

BANGLADESH SCOUTS
National Headquarters, National Scout Bhaban
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, Bangladesh

স্মারক নং- বাঃ স্কাঃ (জনসংযোগ ও মার্কেটিং)/১১৯০(১০০)/১৪

তারিখ ঃ ১৭ ডিসেম্বর ২০১৪

সম্পাদক/বার্তা সম্পাদক

মহোদয়,
শুভেচ্ছা নিবেন। আপনার বহুল প্রচারিত সংবাদপত্রে/মিডিয়ায় সংযুক্ত প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশের/ প্রচারের জন্য প্রেরণ করা হলো। নিম্নের সংবাদটি প্রকাশের/প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা নিলে বাধিত হব।

ধন্যবাদসহ

১৭.১২.২০১৪
(ফারুক আহাম্মদ)
উপ-পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং)
বাংলাদেশ স্কাউটস
ফোনঃ ০১৭৩১-২৮২০৫৬

প্রেস বিজ্ঞপ্তি

স্কাউট ও রোভার স্কাউটদের অংশগ্রহণে বিদ্যুৎ ক্যাম্প ২০১৪ উপলক্ষ্যে প্রেস কনফারেন্স আয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় আগামি ১৮-২১ ডিসেম্বর ২০১৪ দেশব্যাপি স্কাউট ও রোভার স্কাউটদের অংশগ্রহণে তৃতীয় জাতীয় বিদ্যুৎ ক্যাম্প অনুষ্ঠিত হবে। উক্ত ক্যাম্পে সারা দেশের সকল জেলা ও উপজেলায় ৬০টি স্টেশনে প্রায় ৪০,০০০ (চল্লিশ হাজার) স্কাউট, রোভার স্কাউট, বিদ্যুৎ বিভাগের ও বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা অংশগ্রহণ করবেন। মূলত: বিদ্যুৎ ক্যাম্পে অংশগ্রহণকারীগণ বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে অভিজ্ঞতা অর্জন ও সচেতনতা তৈরিতে কাজ করবে।

বিদ্যুৎ ক্যাম্প ২০১৪ উপলক্ষ্যে ১৭ ডিসেম্বর ২০১৪ বুধবার বিকেল ০৩.০০ টায় বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতর, শামস হল, কাকরাইলে প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। উক্ত প্রেস কনফারেন্স এ সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি ও সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় জনাব মোঃ আবুল কালাম আজাদ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মোজাম্মেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ও সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদ্যুৎ ক্যাম্পের সার্বিক বিষয়ে বিফ্রিং করেন জনাব মোহাম্মদ হোসাইন, মহাপরিচালক, পাওয়ার সেল ও আহবায়ক বিদ্যুৎ ক্যাম্প বাস্তবায়ন বিষয়ক স্টিয়ারিং কমিটি। বিভিন্ন পত্রিকার ও মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও বিদ্যুৎ ক্যাম্পের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

12/SHAFIK/NEWS-382

Tel: +88-02-9333651 (PABX), 9342058, 9337714, Fax: +88-02-9342226, E-mail: scouts@bangla.net, Website: www.bangladeshscouts.org